

M.A. 2nd Semester Examination, 2020 (CBCS)

বাংলা (নতুন পাঠক্রম)

পত্র : ২০৩

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে)

একক : ১ (মান ২০)

১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) স্বদেশ ঘিরে নিজস্ব ভাবনামূলক অর্জন রবীন্দ্রনাথ যেভাবে 'গোরা' উপন্যাসের মধ্যে আধারিত করেছেন তা ব্যাখ্যা করো।

খ) 'গোরা' উপন্যাসে বক্তব্যের প্রাধান্য থাকলেও উপন্যাসগুণের কোথাও খামতি ঘটেনি।-অভিমতটি বিচার করো।

২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) 'পয়লা নম্বর' গল্পের নামকরণ-এর তাৎপর্য যুক্তিসহ আলোচনা করো।

খ) 'নামঞ্জুর গল্প' কথকের আত্মবীক্ষার গল্প, একই সঙ্গে তা আত্মোপলব্ধিরও। -মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

পত্র ২০৩/১ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে ক্রম-অনুসারে সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের নির্দিষ্ট করে দেওয়া মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

একক : ২ (মান ২০)

১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) অপু 'পথের পাঁচালী'-র প্রধান চরিত্র হলেও গ্রামের জল-মাটি-মাখা দুর্গা পাঠকের মনকে বিশেষভাবে টেনে রাখে। -আলোচনা করো।

খ) বিভূতিভূষণ তাঁর 'পথের পাঁচালী' উপন্যাসে গ্রামের যৌথ জীবনের সুখ-দুঃখ অসাধারণ দক্ষতায় ফুটিয়ে তুলেছেন। -মন্তব্যটির যথার্থতা বিচার করো।

২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাস রচনার ক্ষেত্রে মানিক বন্দ্যোপাধ্যায় নিয়তিবাদী জীবনভাবনা দ্বারা চালিত হয়েছেন, না কি এর প্রতিবাদী আখ্যান উপস্থাপন করেছেন তা উপন্যাস-আশ্রয়ে আলোচনা করো।

খ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে প্রতিস্থাপিত মৃত্যু প্রসঙ্গগুলির উপন্যাস-প্রেক্ষিতে উপযোগিতা বিচার করো।

পত্র ২০৩/২ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে ক্রম-অনুসারে সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের নির্দিষ্ট করে দেওয়া মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।